

**ইন্ডাস্ট্রি নোটিশ #21-04**  
**তাৎক্ষণিকভাবে প্রকাশের জন্য**  
**প্রকাশের তারিখ: 30 অগাস্ট, 2021**

রিনিউয়ের জন্য পাঠ্যক্রম সংক্রান্ত শিল্পের বিজ্ঞপ্তি

**Aloysee Heredia Jarmoszuk**  
কমিশনার/সভাপতি  
tlccommissioner@tlc.nyc.gov

**Allan J. Fromberg**  
পাবলিক অ্যাফেয়ার্স  
frombera@tlc.nyc.gov

**Rebecca Harshbarger**  
পাবলিক অ্যাফেয়ার্স  
harshbargerR@tlc.nyc.gov

**33 Beaver Street**  
**22nd Floor**  
New York, NY 10004

1 জানুয়ারি, 2022 তারিখ থেকে শুরু করে, সকল TLC-লাইসেন্সধারী ড্রাইভারের তাদের TLC ড্রাইভিং লাইসেন্স রিনিউ করার একটি প্রয়োজনীয়তা হিসেবে একটি ধারাবাহিক শিক্ষার পাঠ্যক্রম সম্পন্ন করা আবশ্যিক। এই পাঠ্যক্রমের উদ্দেশ্য হল পেশাদার ড্রাইভার হিসেবে তাদের কাজে সহায়তার জন্য পেশাদারী ও ব্যবহারিক হাতে-কলমে প্রশিক্ষণ প্রদান করা এবং জনগণের সুরক্ষা বৃদ্ধি করা।

হাজার হাজার ড্রাইভার গত বসন্তে TLC এর জারি করা সমীক্ষার উত্তর দিয়েছেন এবং গ্রাহক পরিষেবা, নিরাপদ ড্রাইভিংয়ের দক্ষতা সম্পর্কে আরও প্রশিক্ষণ এবং আরও অর্থ রোজগারের জন্য পরামর্শ চেয়েছেন। TLC ড্রাইভারদের তথা শিল্প-অংশীদারদের থেকে পাওয়া প্রতিক্রিয়া নিবেশিত করেছে এবং এমন একটি পাঠ্যক্রম তৈরি করেছে যার মধ্যে এই বিষয়গুলির সঙ্গে আরও বেশি হাতে-কলমে প্রশিক্ষণ রয়েছে। অতিরিক্ত প্রশিক্ষণের বিষয়গুলির মধ্যে রয়েছে:

- LARS ও TLCUP এর মতো TLC অনলাইন পরিষেবাগুলি কীভাবে ব্যবহার করতে হবে
- কোনও ড্রাইভারকে টিকিট জারি করা হলে তাকে কী করতে হবে
- ড্রাইভারের মজুরির মতো প্রধান নিয়মাবলী ও নীতিমালা
- গ্রাহকদের ভালো পরিষেবা দেওয়ার টিপস
- প্রতিবন্ধী গ্রাহকদের সাহায্য করার উপায় এবং হুইচেয়ার প্রবেশযোগ্য গাড়ির কাজের অনুশীলন করা

কারা? TLC-লাইসেন্সধারী সমস্ত ড্রাইভার (প্যারাদ্রাইভার ও নিত্যযাত্রীদের ভ্যান চালকরা অন্তর্ভুক্ত নন)

কী? TLC ড্রাইভিং লাইসেন্স রিনিউয়াল পাঠ্যক্রম (6-ঘণ্টার)

কখন? TLC ড্রাইভিং লাইসেন্স রিনিউ করতে এই পাঠ্যক্রমটি সম্পন্ন করা আবশ্যিক

কোথায়? এই পাঠ্যক্রমটি 1 অক্টোবর, 2021 তারিখ থেকে শুরু করে অনুমোদিত TLC ড্রাইভার শিক্ষা প্রদানকারীদের কাছে একাধিক ভাষায় পাওয়া যাবে।

যোগ্য TLC-লাইসেন্সধারী ড্রাইভারেরা তাদের TLC ড্রাইভিং লাইসেন্সের উপর পয়েন্ট কমাতে NYS আত্মরক্ষামূলক ড্রাইভিং পাঠ্যক্রমের (NYS Defensive Driving Course) বদলে TLC ড্রাইভিং লাইসেন্স রিনিউয়ের পাঠ্যক্রমে যোগ দিতে পারেন।

অনুগ্রহ করে মনে রাখবেন, TLC ড্রাইভিং লাইসেন্স রিনিউয়াল পাঠ্যক্রমের জন্য অতিরিক্ত ফি ধার্য করা হয় এবং ড্রাইভাররা তা অনুমোদিত TLC ড্রাইভার শিক্ষা প্রদানকারীকে সরাসরি প্রদান করবেন।



ইন্ডাস্ট্রি নোটিশ #21-04  
তাৎক্ষণিকভাবে প্রকাশের জন্য  
প্রকাশের তারিখ: 30 অগাস্ট, 2021

আরও তথ্যের জন্য অনুগ্রহ করে [www.nyc.gov/tlcdrivereducation](http://www.nyc.gov/tlcdrivereducation) দেখুন অথবা [education@tlc.nyc.gov](mailto:education@tlc.nyc.gov) -এ যোগাযোগ করুন